

আমাদের অর্জন

শুরু থেকে আগস্ট/২০২৩ খ্রিঃ পর্যন্ত গৃহীত/বাস্তবায়িত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ :

প্রশিক্ষণ কার্যক্রম

* অ-প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : শুরু (জুলাই/১৯৯৭) থেকে আগস্ট/২০২৩ খ্রিঃ পর্যন্ত ৭/১০/১৪/২১ দিন মেয়াদী গাভী পালন, গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, ব্রয়লার পালন, লেয়ার পালন, বনায়ন ও নার্সারী, পোষাক তৈরী, কম্পোষ্ট সার, মৎস্য চাষ, নকশী কাঁথা ও মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ ট্রেডে সর্বমোট ৯৮৩৯ জনকে ভ্রাম্যমান/ অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

* প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র চাঁপাইনবাবগঞ্জ এর সরাসরি তত্ত্বাবধানে নিয়মিত ভাবে ১/৩/৪/৬ মাস মেয়াদী পোষাক তৈরী, মৎস্য চাষ, মোবাইল সার্ভিসিং, মডার্ন অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশন, কম্পিউটার (বেসিক কোর্স), ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, মোটর ডাইভিং প্রশিক্ষণ এবং গবাদিপশু, হাঁস-মুরগী পালন, উহাদের প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেডে ৫০৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ঋণ কার্যক্রম

* প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচি : প্রধান কার্যালয় ঢাকা কর্তৃক প্রাপ্ত এ পর্যন্ত মূলঋণ তহবিল =২৬,৬৬,৪২৪/- টাকা। ঘূর্ণায়মান তহবিলসহ বিতরণযোগ্য মোট ঋণ তহবিল =৭৬,১৬,২৯৯/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের পরিমাণ =৪,৬৭,৯১,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ =৪,৩০,১৬,২৪৫/- টাকা ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমাণ =৪,৩০,১৬,২৪৫/- টাকা, আদায়ের হার ১০০% এবং ক্রমপুঞ্জিত ঋণ সংখ্যা ১৩৬০ জন।

* পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচি : এ কর্মসূচির আওতায় গ্রামিণ অতি দরিদ্র জনগোষ্ঠীর জীবন-মান উন্নয়নে গ্রুপ/সমিতি ভিত্তিক ঋণ বিতরণ করা হয়ে থাকে। অত্র উপজেলা কার্যালয়ে গত ২০১২-২০১৩ অর্থবছর হতে পরিবারভিত্তিক ঋণ কার্যক্রম চালু হয়েছে। প্রধান কার্যালয় ঢাকা কর্তৃক প্রাপ্ত মূল ঋণ তহবিল =২০,০০,০০০/-। ঘূর্ণায়মান তহবিলসহ বিতরণযোগ্য মোট ঋণ তহবিল =২৯,৫৯,৯১৮/- টাকা, ক্রমপুঞ্জিত বিতরণকৃত ঋণের পরিমাণ =৯৩,৫৫,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকার পরিমাণ =৯১,০০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত আদায়কৃত টাকার পরিমাণ =৯১,০০,০০০/- টাকা, আদায়ের হার ১০০% এবং ক্রমপুঞ্জিত ঋণ সংখ্যা ৭০৩ জন।

* চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা =১৬,৩০,০০০/-টাকা, তন্মধ্যে আগস্ট/২০২৩ খ্রিঃ মাস পর্যন্ত =১৭,০৬,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে।

যুব সংগঠন নিবন্ধন

* সমাজে বিদ্যমান বিভিন্ন সমস্যা যেমন- মাদকাসক্তি, বাল্যবিবাহ, জঙ্গীবাদ, সত্রাসবাদ, ইত্যাদি বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্বেচ্ছাসেবী যুব সংগঠন সমূহকে নিবন্ধন প্রদান করা হয়। এ যাবত ০৯(নয়) টি যুব সংগঠনকে নিবন্ধন প্রদান করা হয়েছে।

অনুদান সংক্রান্ত

* বেকারত্ব দূরীকরণ ও দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে সরকারের রেজিস্ট্রেশন প্রাপ্ত যেসব স্থানীয় যুব সংগঠনসমূহ সুনির্দিষ্ট আন্তকর্মসংস্থান মূলক প্রকল্প বাস্তবায়ন করে আসছে, তাদের মধ্যে এ পর্যন্ত ০৯টি সংগঠনকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুব কল্যাণ তহবিল হতে =২,১০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন : ০২৫৮৮৮৯৫৯২০
nachole@dyd.gov.bd